যুগান্তর

তারিখ ....22 APR 2017..
পৃষ্ঠা ১৪ ... কলাম ২ ... ......

ঐক্যবদ্ধ ছাত্র সমাজের সংবাদ সম্মেলন

# ডাকসুসহ সব ছাত্র সংসদ নির্বাচন দাবি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

শিক্ষাঙ্গনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে অবিলম্বে ডাকসুসহ সব বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন দেয়ার আহ্বান জানিয়েছে ঐক্যবদ্ধ ছাত্র সমাজ। অন্যথায় দাবি আদায়ে সব ছাত্র সমাজকে নিয়ে দুর্বার আন্দোলন গড়ে তোলার হুশিয়ারি দিয়েছে সংগঠনটি। ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে শুক্রবার বিকালে 'অবিলম্বে ডাকসুসহ সব ছাত্র সংসদ নির্বাচন চাই' শীর্ষক সংবাদ সম্মেলনে সংগঠনের নেতারা এ দাবি জানান।

সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সাধারণ সম্পাদক মুহাম্মদ উল্লাহ মধু। তিনি বলেন, কর্তৃপক্ষের অবহেলার অশুভ প্রভাবে দুই যুগের বেশি সময় ধরে সঠিক নেতৃত্ব গঠনের গুদামঘর হিসেবে পরিচিত ডাকসুসহ সব শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র সংসদ নির্বাচন বন্ধ রয়েছে। অথচ বাংলাদেশের মানুষের মুক্তির জন্য, অধিকার প্রতিষ্ঠার জন্য, বৈষম্য দূর করার জন্য ১৯৫২ সাল থেকে অদ্যাবধি যত আন্দোলন-সংগ্রাম হয়েছে তার সবকিছুতেই সামনে থেকে নেতৃত্ব দিয়েছে ছাত্রসমাজ।

লিখিত বক্তব্য শেষে দাবি আদায়ে নতুন কর্মসূচি ঘোষণা করেন সংগঠনের সভাপতি আজম রুপু।